

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

সাভার, ঢাকা।

নং-৩৩.০৫.২৬৭২.৩০৮.০৬.০০২.১৭-২৬৩

তারিখঃ ২৬/০৬/২০১৭ খ্রিঃ

গত ২২/০৬/২০১৭ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত বিএলআরআই ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

গত ২২/০৬/২০১৭ খ্রিঃ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় ইনোভেশন অফিসার ড. নাসরিন সুলতানা এর সভাপতিত্বে বিএলআরআই ইনোভেশন টিমের একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যদের তালিকা নিম্নরূপ।


ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
০১।	ড. মোঃ আবদুল জলিল, মেন্টর, ইনোভেশন টিম	পিএসও ও বিভাগীয় প্রধান	স্বাক্ষরিত
০২।	জনাব মোঃ লুৎফুল হক, ইনোভেশন সদস্য	সিস্টেম এনালিস্ট	স্বাক্ষরিত
০৩।	ড. সরদার মোহাম্মদ আমানুল্লাহ, ইনোভেশন সদস্য	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৪।	ড. মোঃ ছাদেক আহমেদ, ইনোভেশন সদস্য	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৫।	ড. মুহাম্মদ আব্দুস সামাদ, ইনোভেশন সদস্য	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত

সভাপতি নব নিযুক্ত মেন্টর এবং সভায় উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় বিএলআরআই কর্তৃক গৃহীত ইনোভেশন পরিকল্পনা এবং তদনুযায়ী ইনোভেশন কার্যক্রম এবং বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে মেন্টরকে করেন। সামগ্রিক বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়-

সিদ্ধান্ত সমূহঃ

- ১। ইনোভেশন টিমের সভা প্রতি মাসের শেষ সপ্তাহে আহবানের সিদ্ধান্ত হয়।
- ২। বিভাগীয় প্রধান এবং আঞ্চলিক কেন্দ্রসমূহের ইন-চার্জকে ইনোভেশন আইডিয়া (সেবা এবং ইনস্টিটিউটের অভ্যন্তরীণ ব্যবস্থাপনা উন্নয়ন সংক্রান্ত) এবং এ সংক্রান্ত পুরস্কার প্রাপ্তির সুযোগ সম্পর্কে পত্র মারফত অবহিত করার সিদ্ধান্ত হয়।
- ৩। a2i প্রশিক্ষণ ও ইনোভেশন প্রশিক্ষণ থেকে প্রাপ্ত ইনোভেটিভ প্রস্তাবনা সমূহ পরবর্তী বছরের ইনোভেশন কার্যক্রমে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত হয়।
- ৪। ২০১৭-১৮ অর্থ বছর থেকে প্রশিক্ষণ কর্মসূচীতে “Digital Bangladesh” শীর্ষক বিষয়টি অন্তর্ভুক্ত করার সুপারিশ করা হয়।
- ৫। ফিড মাস্টার এ্যাপ এর বর্তমান কনটেন্ট ও ব্যবহার পদ্ধতি এবং মান উন্নয়নের জন্য প্রস্তাবিত প্রকল্পের কার্যক্রম সংশ্লিষ্ট বিজ্ঞানী পরবর্তী ইনোভেশন টিমের সভায় উপস্থাপনা করবেন মর্মে সিদ্ধান্ত হয়।

সার্বিক আলোচনা শেষে সভাপতি গৃহীত কর্মপরিকল্পনাসমূহ যথাসময়ে বাস্তবায়নে বিশেষ গুরুত্ব আরোপ করেন এবং উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২৬/০৬/১৭
(ড. নাসরিন সুলতানা)
ইনোভেশন অফিসার

অনুলিপিঃ

- ১। ড. মোঃ আবদুল জলিল, পিএসও ও বিভাগীয় প্রধান ও মেন্টর, ইনোভেশন টিম, বিএলআরআই, সাভার, ঢাকা।
- ২। জনাব মোঃ লুৎফুল হক, সিস্টেম এনালিস্ট ও ইনোভেশন সদস্য, বিএলআরআই, সাভার, ঢাকা।
- ৩। ড. সরদার মোহাম্মদ আমানুল্লাহ, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও ইনোভেশন সদস্য, বিএলআরআই, সাভার, ঢাকা।
- ৪। ড. মোঃ ছাদেক আহমেদ, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও ইনোভেশন সদস্য, বিএলআরআই, সাভার, ঢাকা।
- ৫। ড. মুহাম্মদ আব্দুস সামাদ, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও ইনোভেশন সদস্য, বিএলআরআই, সাভার, ঢাকা।
- ৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএলআরআই, সাভার, ঢাকা।
- ৭। অফিস নথি।